গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
www.bholahat.chapainawabganj.gov.bd

স্মারক: ৩১.৪৩.৭০১৮.০০০.০০০.৩১.০০০৬.২৬.০১

তারিখ: ১৭ পৌষ ১৪৩২
০১ জানুয়ারি ২০২৬

## জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখা এর ২৩.১১.২০২৫ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪ নং স্মারকপত্রের নির্দেশনার প্রেক্ষিতে ভোলাহাট উপজেলার ইজারাযোগ্য ২০.০০ একর পর্যন্ত আয়তন বিশিষ্ট নিম্নবর্ণিত বদ্ধ জলমহাল/পুকুরসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী আগামী ৩ (তিন) বছর অর্থাৎ ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক http://jm.lams.gov.bd/ ওয়েব সাইটে প্রবেশ করে অনলাইনে ইজারার আবেদন দাখিলের জন্য বলা হলো।

| তারিখ | কার্যদিবস | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে<br>(১৫ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারি ২০২৬ এর মধ্যে) | ১৫ দিন | অনলাইনে ইজারার আবেদন দাখিল |
| ১৮ মাঘ থেকে ২০ মাঘের মধ্যে<br>(০১ ফেব্রুয়ারি থেকে ০৩ ফেব্রুয়ারি, ২০২৬ এর মধ্যে) | ০৩ (তিন) কার্যদিবস | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল |
| ২২ মাঘ থেকে ২৮ মাঘের মধ্যে<br>(০৫ ফেব্রুয়ারি থেকে ১১ ফেব্রুয়ারি, ২০২৬ এর মধ্যে) | ০৫ (পাঁচ) কার্যদিবস | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই |
| ২৯ মাঘ থেকে ০৫ ফাল্গুনের মধ্যে<br>(১২ ফেব্রুয়ারি থেকে ১৮ ফেব্রুয়ারি, ২০২৬ এর মধ্যে) | ০৫ (পাঁচ) কার্যদিবস | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন |
| ০৬ ফাল্গুন থেকে ২৬ ফাল্গুনের মধ্যে<br>(১৯ ফেব্রুয়ারি থেকে ১১ মার্চ, ২০২৬ এর মধ্যে) | ১৫ (পনের) কার্যদিবস | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন |
| ২৭ ফাল্গুন থেকে ০২ চৈত্রের মধ্যে<br>(১২ মার্চ থেকে ১৬ মার্চ, ২০২৬ এর মধ্যে ) | ০৩ (তিন) কার্যদিবস | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ |
| ০৩ চৈত্র থেকে ১৫ চৈত্রের মধ্যে<br>(১৭ মার্চ থেকে ২৯ মার্চ, ২০২৬ এর মধ্যে) | ০৭ (সাত) কার্যদিবস | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে ইজারামূল্য জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন |
| ১ বৈশাখ (১৪ এপ্রিল, ২০২৬) | - | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | ইজারাযোগ্য জলমহাল/পুকুরের নাম | মৌজার নাম/জেএল | হাল দাগ নং | জমির পরিমাণ (একর) | ৩ বছরের সরকারি ইজারা মূল্য (টাকা) | ২০% বিডির পরিমাণ (টাকা) | মেয়াদ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | ভোলাহাট | বন্দলা পুকুর | শিকারী/০৭ | ৩৭২ | ০.৬২ | ১৪৭৫৫/- | ২৯৫১/- | ১৪৩৩-১৪৩৫ |
| ২. | | কাউলতলী পুকুর | শিকারী/০৭ | ৩৫৯ | ০.৭৩ | ১২৪০৫/- | ২৪৮১/- | ১৪৩৩-১৪৩৫ |
| ৩. | | ক্যাথারবাঁধ | আলালপুর/০১ | ১৫৫, ১৫৪, ১৫৭ | ১.২৩ | ১১৭৮১/- | ২৩৫৭/- | ১৪৩৩-১৪৩৫ |
| ৪. | গোহালবাড়ী | কুলি পুকুর | গোহালবাড়ী/২১ | ২৭৬৬ | ০.৪৭ | ১৩৮০৭/- | ২৭৬২/- | ১৪৩৩-১৪৩৫ |
| ৫. | | দরগা পুকুর | গোহালবাড়ী/২১ | ৩৬০৫ | ০.৫৯ | ৮৯৪০/- | ১৭৮৮/- | ১৪৩৩-১৪৩৫ |
| ৬. | | সুন্দরাবাড়ী পুকুর | খালেআলমপুর/২২ | ৬৮০ | ০.৬৭ | ৪০২৯/- | ৮০৬/- | ১৪৩৩-১৪৩৫ |
| ৭. | | নিমতলা পুকুর | গোহালবাড়ী/২১ | ৪৫৯৪ | ০.৮১ | ৩৩৫২/- | ৬৭০/- | ১৪৩৩-১৪৩৫ |
| ৮. | | ভূত পুকুর | খালেআলমপুর/২২ | ৭৫৭ | ০.৬৩ | ১৩৪৯৫/- | ২৬৯৯/- | ১৪৩৩-১৪৩৫ |
| ৯. | | মান্নানের পুকুর | খালেআলমপুর/২২ | ১৪৬ | ০.২২ | ৫৮০/- | ১১৬/- | ১৪৩৩-১৪৩৫ |
| ১০. | দলদলি | পলাশের পুকুর | জাগলবাড়ী/২৬ | ৩০৯ | ০.৪০ | ১৩৪২/- | ২৬৯/- | ১৪৩৩-১৪৩৫ |
| ১১. | | তেলিয়া পুকুর | বারুইপাড়া/২৯ | ২৬৪১ | ০.৯৭ | ৪৬৯৩৫/- | ৯৩৮৭/- | ১৪৩৩-১৪৩৫ |
| ১২. | | তালতলা পুকুর | ভবানীপুর/২৩ | ১২৯৯ | ০.৭৩ | ১৬৭৫৫/- | ৩৩৫১/- | ১৪৩৩-১৪৩৫ |
| ১৩. | | মধুপুর-২ | মধুপুর/২৫ | ৪৪৯ | ০.৪৮ | ১৩৪৭০/- | ২৬৯৪/- | ১৪৩৩-১৪৩৫ |
| ১৪. | | মধুপুর-৩ | মধুপুর/২৫ | ৪৯৮ | ০.৪৭ | ১৬৬০৪/- | ৩৩২১/- | ১৪৩৩-১৪৩৫ |
| ১৫. | | দিঘলী পুকুর | ভবানীপুর/২৩ | ১২৮৩ | ০.৬৬ | ৪৭২৫/- | ৯৪৫/- | ১৪৩৩-১৪৩৫ |
| ১৬. | | ছোট ভেওয়া | ভবানীপুর/২৩ | ১২৫৮ | ৭.৪০ | ২৯৭০৫২/- | ৫৯৪১১/- | ১৪৩৩-১৪৩৫ |
| ১৭. | | কুইচা পুকুর | বারুইপাড়া/২৯ | ২৩১০ | ১.৩১ | ৩৭৬০৮/- | ৭৫২২/- | ১৪৩৩-১৪৩৫ |
| ১৮. | | আদাতলা দামুস | আদাতলা/২৪ | ১৫৬১ | ৩.৭২ | ৭৫৬২৬/- | ১৫১২৫/- | ১৪৩৩-১৪৩৫ |
| ১৯. | | বাইশা পুকুর | ভবানীপুর/২৩ | ২১৫৫ | ০.৮৮ | ১০৬৬৫/- | ২১৩৩/- | ১৪৩৩-১৪৩৫ |
| ২০. | জামবাড়ীয়া | ব্রাহ্মনখাল দাড়া | জামবাড়ীয়া/৪৫ | ৮৮ | ৩.৩৫ | ৭৭৮৩৪/- | ১৫৫৬৭/- | ১৪৩৩-১৪৩৫ |

বি:দ্র: জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী সকল শর্তাবলি বহাল থাকবে।

০১.০১.২০২৬

(মোঃ শাহীন মাহমুদ)
উপজেলা নির্বাহী অফিসার
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
www.bholahat.chapainawabganj.gov.bd

স্মারক: ৩১.৪৩.৭০১৮.০০০.০০০.৩১.০০০৬.২৬.০১(৫০)

তারিখ: ১৭ পৌষ ১৪৩২ / ০১ জানুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১. জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ
২. পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ
৩. সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ
৪. উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ
৫. জেলা মৎস্য অফিসার, চাঁপাইনবাবগঞ্জ
৬. প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ/শিবগঞ্জ/রহনপুর/নাচোল পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ
৭. উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর/গোমস্তাপুর/নাচোল/শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য:

১. সহকারী কমিশনার (ভূমি), ভোলাহাট/চাঁপাইনবাবগঞ্জ সদর/গোমস্তাপুর/নাচোল/শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ
২. উপজেলা ...................................................... অফিসার, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
৩. সাব-রেজিস্ট্রার, ভোলাহাট/চাঁপাইনবাবগঞ্জ সদর/গোমস্তাপুর/নাচোল/শিবগঞ্জ,চাঁপাইনবাবগঞ্জ
৪. ইউপি চেয়ারম্যান, ভোলাহাট/গোহালবাড়ী/দলদলী/জামবাড়ীয়া ইউনিয়ন পরিষদ, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
৫. ব্যবস্থাপক, ................................................ ভোলাহাট শাখা, চাঁপাইনবাবগঞ্জ
৬. পোস্ট মাস্টার, ভোলাহাট/চাঁপাইনবাবগঞ্জ সদর/গোমস্তাপুর/নাচোল/শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ
৭. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ভোলাহাট/গোহালবাড়ী/দলদলী/জামবাড়ীয়া ইউনিয়ন, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
৮. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, ..............................................................................................................
৯. প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ( জেলার ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)
১০. সহকারী প্রোগ্রামার, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ (উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)
১১. অত্রাফিসের নোটিশ বোর্ড

01/01/2026

(মোঃ শামীম হোসেন)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
মোবাইল নং-০১৩১৮৩২০১৪৩

পুকুর/জলমহাল ইজারা প্রদানের শর্তাবলী ঃ

১. নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবী সমিতি/সমবায় সমিতি বা সমবায় অধিদপ্তর/সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত সমিতি বা সমবায় সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে, কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না। জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে। আবেদনসমূহ নির্ধারিত মূল্য ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) (পে-অর্ডার/ব্যাংক ড্রাফট) প্রতিবার আবেদনপত্র দাখিলের পূর্ব কার্যদিবসে অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে ক্রয় করা যাবে।

২. আবেদনকারীকে আবেদন ফরমের সাথে এককপি পাসপোর্ট সাইজের ছবি (সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত), ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট ও আবেদন ফরমে বর্ণিত অন্যান্য কাগজপত্র দাখিল করতে হবে।

৩. আবেদন ফরম যাচাই-বাছাইয়ের পর উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় আবেদনের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

৪. আবেদন ফরম ব্যবহারের মেয়াদ কেবলমাত্র নির্দিষ্ট তারিখে অর্থাৎ যে তারিখের জন্য ক্রয় করা হবে সেই তারিখে এবং যে জলমহালের জন্য ক্রয় করা হবে শুধুমাত্র সে জলমহালের ক্ষেত্রে দাখিলের জন্য প্রযোজ্য হবে। নির্ধারিত তারিখের পূর্বে ক্রয়কৃত কোন আবেদন ফরম দাখিল করা হলে তা বাতিল বলে গণ্য হবে। অর্থাৎ আবেদন ফরম ক্রয়ের পর আবেদন করার তারিখ অতিক্রান্ত হলে পরবর্তী কোন তারিখে উক্ত আবেদন ফরমটি গ্রহণযোগ্য হবে না। উপরোক্ত আবেদনের সাথে সংযুক্ত ব্যাংক ড্রাফট বাজেয়াপ্ত করা হবে।

৫. আবেদনপত্র এবং খামের উপর উপজেলাসহ জলমহালের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

৬. ঘষামাজা-কাটাছেঁড়া কিংবা অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদন ফরমে কোন প্রকার ফ্লুইড ব্যবহার করা যাবে না এবং ফ্লুইড ব্যবহার করা হলে তা বাতিল বলে গণ্য হবে।

৭. প্রত্যেকটি জলমহালের জন্য আলাদা আলাদা আবেদনপত্র দাখিল করতে হবে। অস্পষ্ট, অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৮. কোন জলমহালের ইজারা/ব্যবস্থাপনা সম্পর্কে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় সিদ্ধান্ত গ্রহণ করার পরও কেউ যদি ঐ জলমহালের জন্য পুনরায় আবেদনপত্র দাখিল করে তাহলে আবেদনটি সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৯. সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতিত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না।

১০. সমাজ সেবা অধিদপ্তরে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতিও জলমহাল ইজারার জন্য আবেদনে অংশগ্রহণ করার উপযুক্ত হবে।

১১. আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি বর্তমানে কার্যকর আছে এর প্রমানস্বরূপ জেলা বা উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র ও বিগত ০২ বছরের অডিট রিপোর্ট দাখিল করবেন। তবে নতুন নিবন্ধনকৃত মৎস্যজীবী সমবায় সমিতির ক্ষেত্রে এ ধরণের প্রমাণের দরকার হবে না।

১২. নির্দিষ্ট ফরমে আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতিকে তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করতে হবে।

১৩. মৎস্যজীবী সংগঠন/সমিতিকে যাচাই বাছাইয়ের ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতি'র কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারামূল্য পরিশোধে খেলাপি হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে কোন জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

১৪. উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে ইজারা প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতিকে ০৩ (তিন) বছরের সাকুল্য ইজারা মূল্য, সরকার নির্ধারিত ভ্যাট ও আয়কর পরিশোধ করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর ইজারা গ্রহীতা নিজ উদ্যোগে চুক্তিপত্র সম্পাদন করবেন ও জলমহালের দখল বুঝে নিবেন।

১৫. ইজারামূল্য পরিশোধের সঙ্গে সঙ্গে অনুমোদিত আবেদনকারী সমিতি/সংগঠনকে স্ব-উদ্যোগে ইজারা চুক্তি সম্পাদনক্রমে নিজ উদ্যোগে জলমহালের দখল গ্রহণ করতে হবে। যথাসময়ে জলমহালের দখল না পাওয়ার অজুহাতে পরবর্তীতে কোন ওজর আপত্তি গ্রহণ করা হবে না। লিজ চুক্তি সম্পাদন ব্যতিত জলমহাল হস্তান্তর করা হবে না।

১৬. ০৩ (তিন) বছরের সমুদয় অর্থ জমা দিয়ে কৃতকার্য আবেদনকারীকে নির্ধারিত ফরমে ৩০০/- টাকা মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তিপত্র সম্পাদন করতে হবে। ইজারা চুক্তি সম্পাদনের সময় ০১ (এক) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি দাখিল করতে হবে।

১৭. মামলা জনিত কারণে/উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশের কারণে বা অন্যকোন আইনসংগত কারণে জলমহালসমূহ সময়মত দখল না পাওয়ার বিষয়ে কোন অজুহাত গ্রহণযোগ্য হবে না। পহেলা বৈশাখ ১৪৩৩ বাংলা সন থেকে ইজারা কার্যকর হবে।

১৮. ইজারা গ্রহীতাকে ০৩ (তিন) বছরের ইজারা মূল্যের অতিরিক্ত সরকার নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর পরিশোধ করতে হবে।

১৯. জলমহালের সরকারি মূল্যের ২০% অর্থ জামানত হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ এর অনুকূলে ব্যাংক ড্রাফট আবেদনকারীকে আবেদনের সাথে দাখিল করতে হবে।

২০. লীজ গ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-লীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকে তাহলে উপজেলা নির্বাহী অফিসার, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ উক্ত লীজ বাতিল করে দিবেন এবং জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করবেন। উক্ত লিজ গ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল ইজারা সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

২১. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দু'টির অধিক জলমহাল ইজারা পাবে না।

২২. যে সকল জলমহালের উপর আদালতের/উর্ধ্বতন কর্তৃপক্ষের স্থিতাবস্থা/স্থগিতাদেশ/নিষেধাজ্ঞার আদেশ রয়েছে সে সকল জলমহালের জন্য এ বিজ্ঞপ্তি কার্যকর হবে না এবং কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। স্থিতাবস্থা/স্থগিতাদেশ/নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহারের পর যথা নিয়মে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

২৩. বৎসরের যে সময়ই ইজারা প্রদান করা হোক না কেন উক্ত ইজারা পহেলা বৈশাখ ১৪৩৩ বাংলা সন হতে ৩০ চৈত্র ১৪৩৫ সন পর্যন্ত কার্যকর বলে গণ্য হবে।

২৪. জলমহাল সংক্রান্ত বিধিসমূহ সর্বক্ষেত্রে প্রযোজ্য হবে।

২৫. আদালতের কোন মামলা/প্রাকৃতিক কারণে কোন ক্ষতি গ্রস্থতার অজুহাত গ্রহণযোগ্য হবে না।

২৬. প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে পারে এ ধরনের কোন কার্যক্রম জলমহালের বিপরীতে গ্রহণ করা যাবে না। জলমহালের প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনসহ কোন প্রকার ক্ষতি সাধন করা যাবে না। এরূপ করা হলে ইজারা বাতিল করা হবে।

২৭. লীজ গ্রহীতা জলমহালের পরিসীমা বজায় রাখবেন এবং সংরক্ষণ করবেন এবং কেউ যাতে সংশ্লিষ্ট জলমহালে অনুপ্রবেশ বা বে-আইনীভাবে দখল করতে না পারে তা নিশ্চিত করবেন।

২৮. জলমহালের কোন অংশে স্থায়ী/অস্থায়ী বাঁধ/প্রতিবন্ধকতা স্থাপন করা যাবে না যাতে ফৌজদারি কার্যবিধি ১৩৩ ধারা অথবা মৎস্য রক্ষা ও সংরক্ষন আইন' ১৯৫০ এর কোন বিধান লঙ্ঘিত হয়।

২৯. অনুমোদিত ইজারা গ্রহীতা সরকার বা কালেক্টর কর্তৃক নিষিদ্ধ ঘোষিত কোন উপায়ে মৎস্য শিকার করতে পারবে না। কালেক্টর বা সরকারি মৎস্য বিভাগ কর্তৃক সকল আদেশ নিষেধ ইজারা গ্রহীতা পালন করতে বাধ্য থাকবেন। মৎস্য আহরণে প্রযোজ্য ক্ষেত্রে পাইল পদ্ধতি অনুসরণ করতে হবে।

৩০. ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল, ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল আইন ও সরকারি আদেশ, জলমহাল ব্যবস্থাপনার সকল সরকারি আদেশ আবেদনকারী মেনে চলতে বাধ্য থাকবেন।

৩১. জলমহাল ইজারা নেয়ার পরে কোন সংগঠন/সমিতি জলমহাল ভরাট বা অন্যকোন অজুহাত উত্থাপন করতে পারবেন না। প্রয়োজনে আবেদন দাখিলের পূর্বে সমিতি/সংগঠন সরেজমিনে জলমহালের বাস্তব অবস্থা সম্পর্কে অবহিত হয়ে ইজারা কার্যক্রমে অংশ গ্রহণ করবে।

৩২. কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন/সকল আবেদনপত্র গ্রহণ/বাতিলের সর্বময় ক্ষমতাসহ ইজারা সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০১.০২.২০২৬

(মোঃ শাহীন মাহমুদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
মোবাইল নং: ০১৩১৮-৩২০১৪১
ই-মেইল: unobholahat@mopa.gov.bd